

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১১৫১

তারিখঃ ২৩ ডিসেম্বর ২০২৪

বিষয়ঃ “ইউজিসি স্বর্ণপদক” ২০২২ ও ২০২৩ এর দরখাস্ত আহ্বানের সময় বৃদ্ধিকরণ।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত “ইউজিসি স্বর্ণপদক”-২০২২ ও ২০২৩ এর দরখাস্ত আহ্বানের সময়সীমা যথাক্রমে ১৬ নভেম্বর ২০২৩ এবং ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের পরিবর্তে আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো এবং সেসাথে “ইউজিসি স্বর্ণপদক”-২০২২ -এ যেসকল আবেদনকারী এসময় আবেদন করতে পারেননি তারা নির্ধারিত প্রোফর্মায় আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তে ‘myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা’-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/service/form?id=BDGS-1637554194>) লিংকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই “ইউজিসি স্বর্ণপদক”-২০২২ -এর জন্য ২০২২ সালে এবং “ইউজিসি স্বর্ণপদক”-২০২৩ -এর জন্য ২০২৩ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে;
- (৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনঃমুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না;
- (৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক প্রতিকায়/সুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;
- (৫) চারুকলায় ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফোলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
- (৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার তালিকা (যদি থাকে) যথাযথ রেফারেন্সসহ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
- (৭) যৌথ/একাধিক প্রকাশনার ক্ষেত্রে সকল Co-author -এর সম্মতিপত্রসহ Corresponding Author/First Author/Last Author আবেদন করতে পারবেন। তবে পুস্তকের ক্ষেত্রে লেখকগণের যৌথভাবে আবেদন করতে হবে;
- (৮) একজন আবেদনকারী একই শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। কোন শাখায় একের অধিক আবেদন করলে ঐ শাখায় সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (৯) আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ‘myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা’-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;
- (১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েবসাইটের (www.ugc.gov.bd) সম্মাননা সেবা বক্সে “ইউজিসি স্বর্ণপদক”-এ দেওয়া আছে।
- (১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

উল্লেখ্য, “ইউজিসি স্বর্ণপদক” ২০২২ ও ২০২৩ -এর জন্য ইতোপূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষরিত/

দেওয়ান গোলাম সারোয়ার
উপপরিচালক

(আবেদনপত্র আগামী ১৩-০১-২০২৫ তারিখের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২৩/ ২৩

তারিখঃ ০৬-০১-২০২৫

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকুবি, ঢাকা
- ৩। পরিচালক (আইসিটি সেল), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকুবি, ঢাকা
- ৫। ডিসি মহোদয়ের একান্ত সচিব (ডিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৬। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৭। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৮। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৯। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা
- ১০। অফিস কপি

(খন্দকার সেলিম রেজা)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)

শেকুবি, ঢাকা-১২০৭

Shi